

সপ্তম শ্রেণি • বাংলাদেশ ও বিশ্বপরিচয় • অধ্যায়ভিত্তিক মডেল টেস্ট (তত্ত্বীয় অংশ)

অধ্যায়—৪: বাংলাদেশের অর্থনীতি

সময়: ৩০ মিনিট

পূর্ণমান: ৩০

[সৃজনশীল অংশ: যেকোনো ২টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ১০]

- বিশ্ববিদ্যালয় পড়ুয়া মিজান লেখাপড়া শেষে চাকরির চেষ্টা না করে স্বল্প পুঁজি দিয়ে মাটির তৈরি বিভিন্ন পণ্য তৈরি করে। তার উৎপাদিত পণ্য বাজারে বিক্রি করে সে বেশ লাভবান হয়। সে লক্ষ করল তার গ্রামে উৎপাদিত খাদ্যশস্যের অনেকাংশ নষ্ট হয়ে যায় প্রক্রিয়াজাতকরণের অভাবে। তাই সে সিদ্ধান্ত নিল একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন করার।
 - পৃথিবীর সর্ববৃহৎ পাটকল কোনটি?
 - কুটিরশিল্প বলতে কী বোঝায়?
 - মিজানের প্রথম ও পরবর্তী শিল্পের মধ্যে পার্থক্য দেখাও।
 - বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে অন্যান্য শিল্পের অবদান বিশ্লেষণ কর।
- নাঈম ও শাহেদ ছোটবেলায় একসাথে লেখাপড়া করেছে। বর্তমানে নাঈম গ্রামে তার জমিতে একটি নার্সারি করেছে। আর শাহেদ শহরে একটি কাপড়ের দোকান দিয়েছে। দুজনই আর্থিক দিক থেকে উন্নতি লাভ করেছে।
 - বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কী?
 - অর্থনৈতিক খাত বলতে কী বোঝায়?
 - নাঈম ও শাহেদের কাজ অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।
 - বাংলাদেশের গ্রামীণ ও শহুরে অর্থনীতিতে উক্ত খাতের গুরুত্ব বিশ্লেষণ কর।
- তমিজ উদ্দিন তার তিন ছেলেকে সাথে নিয়ে তার জমিতে ধান, গম, সরিষা, ভুট্টাসহ নানা ধরনের ফসল চাষ করে। তার স্ত্রী ও পুত্রবধূরাও ফসল তোলার কাজে সহায়তা করে। অবসর সময়ে সে বাড়ির সামনে একটি মুদি দোকান চালায়। কিন্তু এসব কাজের জন্য কেউ তাকে কোনো বেতন দেয় না। তাতে সে মনে কষ্ট না পেয়ে বরং গর্ববোধ করে।
 - SAFTA এর পুরো নাম কী?
 - মাঝারি শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
 - তমিজ উদ্দিনের পরিবারের সদস্যদের কাজ কোন ধরনের অর্থনৈতিক কাজের আওতাভুক্ত তা ব্যাখ্যা কর।
 - তমিজ উদ্দিনের মতো মানুষের কাজ জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে—মূল্যায়ন কর।
- শামীমা টিভিতে কৃষির উপর একটি প্রামাণ্য চিত্র দেখছিল। সে দেখল একদল মানুষ জমি থেকে টমেটো, ভুট্টা, আলু, তৈলবীজ প্রভৃতি কৃষিপণ্য সংগ্রহ করেছে। আবার কিছু মানুষ এসব পণ্য কোল্ড স্টোরেজে জমা রাখছে। আর এসব পণ্যকে কেন্দ্র করে বিভিন্ন প্রকার শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে। এসব দেখে তার মনে কৌতূহলের সৃষ্টি হয়।
 - সরিষা কী ধরনের শস্য।
 - মানুষ সারা বছর নিজেদের চাহিদা পূরণ করতে পারে কীভাবে?
 - উদ্দীপকে শামীমার দেখা প্রামাণ্য চিত্রে কোন বিষয়টি ফুটে উঠেছে?
 - উক্ত বিষয়টির সফলতার ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা রয়েছে তার সমাধানের উপায় বিশ্লেষণ কর।

[সংক্ষিপ্ত-উত্তর অংশ: যেকোনো ৫টি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ২]

- | | |
|---|---|
| ১. বৃহৎ শিল্প বলতে কী বোঝা ? | ৫. অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম বলতে কী বোঝায়? |
| ২. আমরা কীভাবে স্বাবলম্বী হয়ে উঠতে পারি? | ব্যাখ্যা কর। |
| ৩. মানুষ সারা বছর নিজেদের চাহিদা পূরণ করতে পারে কীভাবে? | ৬. বৃহৎ শিল্প বলতে কী বুঝায়? |
| ৪. গ্রামাঞ্চলের মানুষ কীভাবে জীবিকার সংস্থান করছে? | ৭. কুটিরশিল্প বলতে কী বোঝায়? |
| | ৮. কোন কাজগুলোকে অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ বলে গণ্য করা হয়? |